গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট
(সাধারণ শাখা)
www.sylhetdiv.gov.bd

বিভাগীয় শিশুশ্রম কল্যাণ পরিষদ (DCLWC), সিলেট-এর ৮ম সভার কার্যবিবরণী

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মোস্তাফিজুর রহমান. পিএএ<br>বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ |
| সভার তারিখ | ২৩ জুলাই ২০১৯ / ৮ শ্রাবণ ১৪২৬ |
| সভার সময় | সকাল ১১:০০ ঘটিকা |
| স্থান | বিভাগীয় কমিশনার এর সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | সংযুক্তিতে পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য |

বিভাগীয় শিশুশ্রম কল্যাণ পরিষদ (DCLWC), সিলেট - এর সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং সদস্য সচিবকে আলোচ্যসূচি অনুসারে উপস্থাপনার জন্য অনুরোধ করেন।

০২। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক) এ বিভাগের সকল জেলা প্রশাসক প্রতি ০৩(তিন) মাস অন্তর জেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটি (DCLMC) এর একটি সভা করবেন এবং সভার কার্যবিবরণী মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান অধিদপ্তর, বিভাগীয় কমিশনার, সিলেট এবং মহাপরিচালক, শ্রম অধিদপ্তর বরাবর প্রেরণ করবেন।

খ) সিলেট বিভাগের যেসব জেলায় কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের কার্যালয় নেই, সেখানে মন্ত্রণালয়ের সিদ্ধান্ত অনুযায়ী আঞ্চলিক শ্রম দপ্তরসমূহের উপ-পরিচালকগণ জেলা প্রশাসকগণের সাথে যোগাযোগ করে জেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটির সভা নিয়মিতভাবে আয়োজন করবেন। সভার কার্যবিবরণীর কপি বা প্রতিবেদন বিভাগীয় কমিটিতে প্রেরণ করবেন।

গ) উপজেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটিসমূহের সভা নিয়মিত করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করার জন্য এ কমিটির সদস্য সচিব সিলেট বিভাগের ০৪ জেলার মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ পরিচালককে পত্র দ্বারা অনুরোধ জানাবেন।

ঘ) এ কমিটির পর পর ০২ (দুই) টি সভায় অনুপস্থিত সদস্যদের বাদ দিয়ে যারা প্রকৃতপক্ষে শিশুশ্রম নিয়ে কাজ করতে আগ্রহী এমন নতুন সদস্য অর্ন্তভূক্ত করতে হবে।

ঙ) শিশুশ্রম নিয়ে কাজ করে এমন এনজিওদেরকে নিয়ে সভার আয়োজন করতে হবে এবং এনজিওদের প্রোগ্রামে সম্পৃক্ত হয়ে কাজ করতে হবে। বিভিন্ন শিল্প সেক্টরে সচেতনতামূলক প্রোগ্রাম আয়োজন করতে হবে।

চ) সিলেট জেলার মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ পরিচালক এবং আঞ্চলিক শ্রম দপ্তরের উপ-পরিচালককে এ পরিষদের সদস্য হিসেবে অন্তর্ভূক্ত করার বিষয়ে সভাপতি মহোদয় সিদ্ধান্ত গ্রহণ করেন।

ছ) সেক্টর ভিত্তিক কয়েকটি সেমিনার আয়োজন করতে হবে। চা বাগানের ম্যানেজারদের নিয়ে এ সেক্টরের জন্য এ বিভাগের ০৪ (চার) জেলায় ০৪ (চার) টি সেমিনার আয়োজন করতে হবে। মালিক এবং ব্যবস্থাপকদের নিয়ে লাইট ইঞ্জিনিয়ারিং এর উপর ০৪ (চার) জেলায় ০৪ (চার)টি সেমিনার আয়োজন করতে হবে। এ ওয়ার্কশপগুলোতে শ্রম অধিদপ্তর / আঞ্চলিক শ্রম দপ্তরকে অন্তর্ভূক্ত করে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর আয়োজন করবে।

জ) সিলেট বিভাগের প্রত্যেকটি জেলায় যে সকল সেক্টরে শিশুশ্রম বেশি সেসব সেক্টরের মালিকদের নিয়ে জেলা প্রশাসকের সভাপতিত্বে একটি সেমিনারের আয়োজন করতে হবে।

ঝ) বিভাগীয় কমিশনার ডিও লেটার প্রেরণ করে সিলেট বিভাগের সকল জেলা প্রশাসককে তাঁদের আওতাধীন সকল কারখানা ও চা বাগান মালিকদের শিশুশ্রম বন্ধের আহবান জানাবেন।

ঞ) শিশুশ্রম নিয়ে কাজ করে এমন এনজিওদের নিয়ে আলাদাভাবে সমন্বয় সভার আয়োজন করতে হবে।

ট) পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, সিলেট এর সভাপতিত্বে প্রতিমাসে অন্তত একবার বৈঠক আয়োজনের লক্ষে পাঁচ জনের একটি কোর কমিটি গঠন করা হয়। কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের উপমহাপরিদর্শক সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন। এখানে সদস্য হিসেবে মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ পরিচালক, শিশু একাডেমির জেলা শিশু বিষয়ক কর্মকর্তা ও শ্রম অধিদপ্তরের উপপরিচালককে অর্ন্তভূক্ত করা হয়।

০৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

মোঃ মোস্তাফিজুর রহমান. পিএএ
বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ

স্মারক নম্বর: ৪০.০১.৯১০০.১০১.০৬.০০৩.১৯.২৫

তারিখ: ৮ শ্রাবণ ১৪২৬
২৩ জুলাই ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) ভারপ্রাপ্ত সচিব, সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
২) মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
৩) মহাপরিচালক, শ্রম অধিদপ্তর
৪) উপ মহা-পুলিশ পরিদর্শক, সিলেট রেঞ্জ, সিলেট।
৫) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
৬) প্রধান নির্বাহী কর্মকর্তা , প্রধান নির্বাহী কর্মকর্তা এর দপ্তর, সিলেট সিটি কর্পোরেশন
৭) পরিচালক (স্বাস্থ্য), সিলেট বিভাগ, সিলেট।
৮) পরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়,সমাজসেবা অধিদফতর,সিলেট
৯) উপপরিচালক, বিভাগীয় উপপরিচালকের কার্যালয়, প্রাথমিক শিক্ষা, সিলেট
১০) উপ পরিচালক, বিভাগীয় তথ্য অফিস, সিলেট।

১১) সভাপতি , সভাপতি, দি সিলেট চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, সিলেট।

১২) উপ -মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, মৌলভীবাজার

১৩) উপ পরিচালক , আঞ্চলিক শ্রম দপ্তর, সিলেট

১৪) জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, সিলেট

১৫) বিভাগীয় পর্যায়ের প্রতিনিধি, বাংলাদেশ শিশু অধিকার ফোরাম, সিলেট।

১৬) রিজিউনাল ম্যানেজার (CWRA), ইউসেফ, সিলেট।

১৭) সভাপতি / সাধারণ সম্পাদক, জেলা আইনজীবী সমিতি, সিলেট।

১৮) বিভাগীয় প্রতিনিধি, ইউনিসেফ, সিলেট।

১৯) বিভাগীয় প্রতিনিধি, ব্রাক স্টার প্রকল্প, বিভাগীয় অফিস, সিলেট।

২০) নির্বাহী পরিচালক, আকবেট, বাড়ী নং-০৮, ব্লক-সি, মেইন রোড, শাহজালাল উপশহর, সিলেট।

২১) জনাব সেলিম ফলিক, সভাপতি, জেলা সড়ক পরিবহণ শ্রমিক ইউনিয়ন, সিলেট।

২২) সভাপতি / সাধারণ সম্পাদক , ওয়ার্কশপ এসোসিয়েশন, সিলেট।

২৩) সভাপতি / সাধারণ সম্পাদক , স্টোন ক্রাশার মালিক সমিতি, সিলেট।

২৪) সভাপতি / সাধারণ সম্পাদক, এ্যালুমিনিয়াম শিল্প মালিক সমিতি, সিলেট।

২৫) সভাপতি / সাধারণ সম্পাদক, প্লাস্টিক শিল্প মালিক সমিতি, সিলেট

২৬) সভাপতি / সাধারণ সম্পাদক, সিরামিক শিল্প মালিক সমিতি, সিলেট।

Tapanbikash

তপন বিকাশ তঞ্চঙ্গ্যা
উপ -মহাপরিদর্শক